# বিএনপির আরও ৩৬ আসনে প্রার্থী চূড়ান্ত কোন আসনে কে থাকছেন?



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে ঘিরে আরও ৩৬ আসনে প্রার্থী ঘোষণা করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল–বিএনপি। বৃহস্পতিবার (৪ ডিসেম্বর) দুপুরে এক সংবাদ সম্মেলনে দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এই নতুন তালিকা প্রকাশ করেন।

ঘোষণায় জানানো হয়, উত্তরাঞ্চলের ঠাকুরগাঁও-২ এ ডা. আব্দুস সালাম, দিনাজপুর-৫ এ এ কে এম কামরুজ্জামান, নওগাঁ-৫ এ জাহিদুল ইসলাম ধলু এবং নাটোর-৩ এ মো. আনোয়ারুল ইসলাম মনোনয়ন পেয়েছেন। দক্ষিণ-পশ্চিম ও উপকূলীয় এলাকায় সিরাজগঞ্জ-১ এ সেলিম রেজা, যশোর-৫ এ এম ইকবাল হোসেন, নড়াইল-২ এ মনিরুল ইসলাম, খুলনা-১ এ আমির এজাজ খান, পটুয়াখালীতে মোহাম্মদ শহিদুল আলম তালুকদার, বরিশাল-৩ এ জয়নাল আবেদীন এবং ঝালকাঠি-১ এ রফিকুল ইসলাম জামালকে প্রার্থী করা হয়েছে।

LENS ASIA

এ ছাড়া কেন্দ্রীয় ও মধ্যাঞ্চলের টাঙ্গাইল-৫ এ সুলতান সালাহউদ্দিন টুকু, ময়মনসিংহ-৪ এ আবু ওহাব আখাদ আলী, কিশোরগঞ্জ-১ এ মো. মাজহারুল ইসলাম, কিশোরগঞ্জ-৫ এ মো. মুজিবুর রহমান ইকবাল, মানিকগঞ্জ-১ এ এস এ জিন্নাহ কবির এবং মুন্সিগঞ্জ-৩ এ মো. কামরুজ্জামান প্রতিদ্বন্দ্বিতা করবেন। বিএনপি জানিয়েছে, বাকি আসনগুলোর তালিকাও শিগগির প্রকাশ করা হবে।